

আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৩৯

আরবি মূল আয়াত:

فَإِنْ كَانَ لَكُمْ كَيْدٌ فَكَيْدُونِ ﴿٣٩﴾

Aর্থ অনুবাদসমূহ:

তোমাদের কোন কৌশল থাকলে আমার বিরুদ্ধে প্রয়োগ কর। — আল-বায়ান

এক্ষণে তোমাদের কাছে যদি কোন কৌশল থাকে তাহলে তা আমার বিরুদ্ধে প্রয়োগ কর। — তাইসিরুল

তোমাদের কোন অপকৌশল থাকলে তা প্রয়োগ কর আমার বিরুদ্ধে। — মুজিবুর রহমান

So if you have a plan, then plan against Me. — Sahih International

৩৯. অতঃপর তোমাদের কোন কৌশল থাকলে তা প্রয়োগ কর আমার বিরুদ্ধে। (১)

(১) অর্থাৎ দুনিয়ায় তো তোমরা অনেক কৌশল ও চাতুর্যের আশ্রয় নিতে। এখন এখানে কোন কৌশল বা আশ্রয় নিয়ে আমার পাকড়াও থেকে বাঁচতে পারলে তা একটু করে। দেখাও। কিন্তু আজ তোমাদের কোন কৌশল কাজে আসবে না। আজ তোমরা পাকড়াও থেকে বাঁচতে পারবে না। যেমন অন্য আয়াতে আল্লাহ বলেন, “হে জিন ও মানব সম্প্রদায়! আসমানসমূহ ও যমীনের সীমা তোমরা যদি অতিক্রম করতে পার অতিক্রম কর, কিন্তু তোমরা অতিক্রম করতে পারবে না সন্দ ছাড়।” [সূরা আর রহমান: ৩৩] [সাদী]

তাফসীরে জাকারিয়া

(৩৯) তোমাদের কোন অপকৌশল থাকলে, তা আমার বিরুদ্ধে প্রয়োগ কর। [১]

[১] এটা আল্লাহর কঠোর ধর্মক। যদি তোমরা আমার পাকড়াও থেকে বাঁচতে পার এবং আমার ভুক্ত হতে বের হতে পার, তবে বেঁচে ও বের হয়ে দেখিয়ে দাও। কিন্তু সেখানে এ শক্তি কার হবে? এই আয়াতটি ঠিক এই আয়াতের মত, **يَا مَعْشَرَ الْجِنِّ وَالْأَنْسِ إِنِ اسْتَطَعْتُمْ أَنْ تَنْفُذُوا مِنْ أَقْطَارِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ فَانْفُذُوا**, অর্থাৎ, হে জিন ও মানুষ সম্প্রদায়! আকাশমন্ডলী ও পৃথিবীর সীমা তোমরা যদি অতিক্রম করতে পার, তাহলে অতিক্রম কর--। (সূরা রহমান ৩৩ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5661>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন